গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭- তারিখ: ০৫.০৩.২০১৮ খ্রি.

**বেসরকারি ব্যবস্থাপনায় নিবন্ধন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২২/০২/২০১৮ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫. ১৭.২৩৮ নং স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে,

ক) বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীর কোটায় ১,২০,০০০ (এক লক্ষ বিশ হাজার) জনের মধ্যে হজগাইড ও হজ এজেন্সীর ব্যবস্থাপনার জন্য ৩৪০০ জন সরাসরি নিবন্ধন করবে। অবশিষ্ট ১,১৬,৬০০ (এক লক্ষ ষোল হাজার ছয়শত) টি খালি কোটা প্রাক-নিবন্ধনের ক্রম অনুযায়ী পূরণের জন্য জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রিস্টাব্দ এর ৩.১.৬ অনুযায়ী **বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধনের সিরিয়াল ৩,৫২,২৯২ পর্যন্ত** প্রাক-নিবন্ধিত ব্যক্তিগণকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ২০১৮ সনের নিবন্ধনের জন্য প্রাথমিকভাবে নির্ধারণ করেছে।

খ) হজ এজেন্সিসমূহের তথ্য হালনাগাদ করে (ফরম-২৫ পুরণ করে) নিবন্ধন কার্যক্রমসম্পন্ন করতে হবে।

গ) বেসরকারি ব্যবস্থাপনায় নির্ধারিত ক্রমিকের প্রাক-নিবন্ধিত ব্যক্তিগণ ২০১৮ সনে হজে গমনের জন্য নিবন্ধন সম্পন্ন করবেন। বেসরকারি ব্যবস্থাপনার হজ প্যাকেজে ঘোষিত-১,৬৮,২৭৭ (এক লক্ষ আটষট্টি হাজার দুইশত সাতাত্তর) টাকার মধ্যে প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের প্রাক-নিবন্ধনের সময় জামানত বাবদ **৩০,৭৫২/- (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা গ্রহণ করা হয়।** জমাকৃত **৩০,৭৫২/- (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকার** মধ্য হতে জমজম পানি বাবদ-২৫৮/- (দুইশত আটান্ন) টাকা, ১% অতিরিক্ত বাড়ি ভাড়া বাবদ-৯৭২/- (নয়শত বাহাত্তর) টাকা, স্থানীয় সার্ভিস চার্জ বাবদ-৮০০/- (আটশত) টাকা, হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) বাবদ-২০০/- (দুইশত) টাকা, প্রশিক্ষণ ফি বাবদ-৩০০/- (তিনশত) টাকা এবং প্রাক-নিবন্ধন ফি বাবদ- ২,০০০/- (দুই হাজার) টাকাসহ সর্বমোট (২৫৮/-+৯৭২/-+৮০০/-+২০০/-+ ৩০০/-+ ২০০০/-)=**৪,৫৩০/- (চার হাজার পাচশত ত্রিশ) টাকা** কর্তন করে অবশিষ্ট (৩০,৭৫২/- - ৪,৫৩০/-)=**২৬,২২২/- (ছাব্বিশ হাজার দুইশত বাইশ) টাকা** (জনপ্রতি হারে) নিবন্ধনকারী হজ এজেন্সির মোট হজযাত্রীর সংখ্যার বিপরীতে সংশ্লিষ্ট হজ এজন্সিকে ফেরত দেয়া হবে।

(ঘ) সরকার কর্তৃক অনুমোদিত/ঘোষিত হজ প্যাকেজ-২ এর নিম্নমূল্যে অর্থাৎ ৩,৩১,৫৫৯.০০ টাকার নিম্নে কোন বেসরকারি ব্যবস্থাপনার হজ প্যাকেজ ঘোষণা করা যাবে না। নিবন্ধনকারী সংশ্লিষ্ট হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক একাউন্টে/তাদের স্ব-স্ব ব্যাংক হিসাবে নিবন্ধন ভাউচারের মাধ্যমে **বিমান ভাড়া বাবদ ১,৩৮,১৯১/- (এক লক্ষ আটত্রিশ হাজার একশ একানব্বই) টাকা** জমা প্রদান করতে হবে। হজ প্যাকেজে **ঘোষিত বিমান ভাড়া বাবদ ১,৩৮,১৯১/-(একলক্ষ আটত্রিশ হাজার একশ একানব্বই) টাকা কেবল বিমান টিকিট ক্রয়ের জন্য সংশ্লিষ্ট এয়ারলাইন্সকে ব্যাংক হতে পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে। হজ এজেন্সী টিকেটের টাকা অন্য কোন কাজে উত্তোলন করতে পারবে না।** নিবন্ধন কার্যক্রমে নির্বাচিত ব্যাংকসমূহ সরকার নির্ধারিত অর্থ প্রাপ্তি নিশ্চিত করে হজযাত্রীর নিবন্ধন সম্পন্ন করবে। প্রাক-নিবন্ধনের প্রাথমিকভাবে নির্ধারিত ক্রমিকের মধ্যে যারা নিবন্ধন করবেন না তারা ২০১৮ খ্রিস্টাব্দ সনের হজে গমনে আগ্রহী নন মর্মে পরিগণিত হবে এবং তাদের জন্য জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রিস্টাব্দ এর ৩.১.৯ অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। নিবন্ধনের কোটা পুরণ না হলে জাতীয় হজ ও ওমরাহ নীতির ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রিস্টাব্দ এর ৩.১.৮ অনুযায়ী প্রাক নিবন্ধনের পরবর্তী ক্রমিক হতে ক্রমানুযায়ী নির্ধারিত কোটা পুরণ করা হবে। জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রিস্টাব্দ এর ৩.১.১৬ অনুযায়ী এই বিজ্ঞপ্তিতে প্রকাশিত ক্রমের বাইরে কারো কাছ হতে হজ প্যাকেজের অবশিষ্ট অর্থ গ্রহণ করা যাবে না।

ঙ) রাজকীয় সৌদি সরকারের সাথে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি অনুযায়ী যদি কোন হজ এজেন্সীর ন্যূনতম ১৫০ জনের নিবন্ধন করার জন্য প্রাক-নিবন্ধিত হজে গমনেচ্ছু হাজী না থাকে, তবে তারা জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রিস্টাব্দ এর ৪.৩.২ অনুসরণ করে লিড এজেন্সী নির্ধারণ করতে হবে। অত:পর সমঝোতাকারী এজেন্সীকে হজে গমনেচ্ছু প্রাক-নিবন্ধিতদের অনলাইনে লিড এজেন্সীর অনুকূলে বিদ্যমান পদ্ধতিতে স্থানান্তর সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। স্থানান্তরিত হজযাত্রীদের যাবতীয় দায়-দায়িত্ব লিড এজেন্সী (নিবন্ধনকারী) গ্রহন করে নিবন্ধন সম্পন্ন করবে। তবে লিড এজেন্সির সাথে সমন্বয়কারী এজেন্সি তার হজযাত্রীর সংখ্যানুযায়ী নিবন্ধনের সমুদয় অর্থ লিড এজেন্সির একাউন্টে চুক্তি সম্পাদনের পূর্বে বা অব্যবহিত পরে অবশ্যই জমা প্রদান করে সংশ্লিষ্ট হিসাবের বিবরণী (Bank Statement) পরিচালক, হজ অফিস, ঢাকার নিকট জমা প্রদান করতে হবে। মোনাজ্জেম অবশ্যই লিড এজেন্সীর হতে হবে। এজন্য, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মোনাজ্জেম বিষয়ে প্রকাশিত পরিপত্র অনুসরণ করতে হবে। উল্লেখ্য যে, লীড এজেন্সী নির্ধারনে সমঝোতা পত্রের নমুনা (ফরম-১৩) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেওয়া আছে।

চ) ই-হজ ব্যবস্থাপনার সাথে সমন্বয়ের জন্য বেসরকারি হজযাত্রীগণের পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পুরণ করতে হবে। বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীগণ পাসপোর্ট বিষয়ে জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রিস্টাব্দ এর ৩.১.১ অনুচ্ছেদ এবং হজ প্যাকেজ- ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রিস্টাব্দ এর ৪.১ অনুচ্ছেদ অনুসরণ করবেন।

ছ) ব্যাংকসমূহ নিবন্ধনকালিন জমাকৃত টাকার মধ্যে বিমান ভাড়া বাবদ সংশ্লিষ্ট অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরিশোধ করবে এবং হজ এজেন্সী/ হজযাত্রীকে হজ বাবদ কোন প্রকার ঋণ প্রদান করবে না।

জ) ২০১৮ সনের হজ প্যাকেজ অনুযায়ী হজযাত্রীদের নিবন্ধন কার্যক্রম আগামী **১৮ মার্চ, ২০১৮ তারিখ** পর্যন্ত চলবে।

ঝ) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বিদ্যমান পদ্ধতিতে প্রাক-নিবন্ধিত হজে গমনেচ্ছুদের এজেন্সি স্থানান্তর (Transfer) চলমান থাকবে।

৫/৩/১৮

এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ফোন : ৯৫৮৪৩২২
e-mail.morahajsection@gmail.com

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭- তারিখ: ০৫.০৩.২০১৮ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, মন্ত্রণালয়/বিভাগ.......................................................................।
৫. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৭. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৯. প্রকল্প পরিচালক, এক্সেস টু ইনফরমেশন (a2i) প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: প্রধান সমন্বয়ক, ইউনিয়ন ডিজিটাল সেন্টার)।
১০. অতিরিক্ত সচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৫. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
১৬. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,...............................................................................ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
১৭. যুগ্মসচিব (সকল)........................................................ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. রেজিস্ট্রার জেনারেল, জন্ম মৃত্যু নিবন্ধন, সচিবালয় লিঙ্করোড, ঢাকা।
১৯. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
২০. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
২১. জেলা প্রশাসক (সকল)........................................................................................................।
২২. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা (বেসরকারি এজেন্সির ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য ফরম-২৫ এজেন্সি কর্তৃক পূরণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
২৩. পুলিশ সুপার, (সকল)........................................................................................................।
২৪. পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৫. সিভিল সার্জন (সকল)........................................................................................................।

২৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৭. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ হজ বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
২৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)........................................................................................ ।
২৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩০. মাননীয় সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩১. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩২. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)........................................................................ ।
৩৩. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা/জেদ্দা, সৌদি আরব।
৩৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সীকে অবহিতকরণের অনুরোধ করা হলো) ।
৩৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা ( এ বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৩৬. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, -------------------------------------------------------------------------------।
৩৭. জনাব ---------------------------------------------------------------------------------------------------------।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ফোন: ৯৫৮৪৩২২
ফ্যাক্স: ৯৫১১১১৬
e-mail:morahajsection@gmail.com